Ekdin_Page_7_15052024_Layout 1 5/14/2024 9:29 PM Page 1



# ৩৭০ ধারার বিলোপের পর প্রথম ভোট

## কয়েক দশকের মধ্যে সর্বোচ্চ ভোট পড়ল শ্রীনগরে



**শ্রীনগর, ১৪ মে:** ২০২৪ লোকসভা নির্বাচনে সার্বিকভাবে দেশে ভোটদানের হার কম। ঠিক উলটো ছবি দেখা গেল কাশ্মীরের শ্রীনগর কেন্দ্রে। নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী চতুর্থ দফায় ৯৬ আসনে ৬২ শতাংশের বেশি ভোট পড়েছে। শ্রীনগরে পড়েছে প্রায় ৩৮ শতাংশের কাছাকাছি ভোট। যা কিনা ১৯৯৬ সালের পর সর্বোচ্চ। কেউ কেউ বলছেন, ৩৭০ ধারা বাতিলের পর সরকারের বিরুদ্ধে কাশ্মীরবাসীর ক্ষোভের বহিঃপ্রকাশ হয়েছে ভোটবাক্সে।

শ্রীনগর কেন্দ্রটির একটি অংশ 'সন্ত্রাস কবলিত'। ১৯৮৯ সালের নরসংহারের পর থেকে এই কেন্দ্রে ভোটের হার কমই থাকে। লোকসভা নির্বাচনে অতীতে ১০ শতাংশের কম ভোট পড়ার রেকর্ডও হয়েছে। সেই কাশ্মীরে ৩৮ শতাংশের কাছাকাছি ভোট পড়াটা রীতিমতো চমকপ্রদ। হিসাব বলছে, ১৯৯৬ সালে প্রায় ৪১ শতাংশ ভোট পড়েছিল শ্রীনগরে। ১৯৯৮ সালে ভোট পড়েছিল ৩০ শতাংশ।

২০১৪ সালে দেশে পরিবর্তনের ভোটে শ্রীনগরে ২৫ শতাংশের সামান্য বেশি ভোট পড়েছিল। ২০১৯ লোকসভা ভোটের আগে থেকেই ৩৭০ ধারা বাতিলের আবহে শ্রীনগরে ভোট পড়েছিল ১৫ শতাংশেরও কম। সেখানে এবার ভোটের হার ৩৮ শতাংশ। প্রায় ৩ দশকে সর্বোচ্চ।

শাসক শিবিরের দাবি, শ্রীনগরের বাড়ন্ত ভোটের হার প্রমাণ করে ৩৭০ ধারা বাতিলের পর কাশ্মীর হাসছে। যুব সমাজ বুলেট ছেড়ে ব্যালটে আস্থা রাখছে। উন্নয়নের জোয়ারে গা ভাসাচ্ছে। বিরোধীরা বলছে অন্য কথা। বিরোধী শিবিরের দাবি, ৩৭০ ধারা বাতিলের পর কাশ্মীরবাসীর যে ক্ষোভ, সেই ক্ষোভেরই প্রতিফলন হয়েছে ভোটবাক্সে। ঘটনাচক্রে শ্রীনগর কেন্দ্রে পদ্ম প্রতীকে কোনও প্রার্থী নেই। বিরোধীদের প্রশ্ন, এতই যখন খুশি শ্রীনগরবাসী, তাহলে বিজেপি নিজে ভোটে লড়লো না কেন?

# বোমা মেরে তিহার জেল ওড়ানোর হুমকি

**নয়াদিল্লি, ১৪ মে:** দিল্লির তিহার জেল বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি! সূত্রের খবর, মঙ্গলবার জেল কর্তৃপক্ষ এমনই এক ইমেল পান। খবর দেওয়া হয় দিল্লি পুলিশকে। খবর পাওয়া মাত্রই জেলে পৌঁছয় বম্ব স্কোয়াড। কিন্তু সন্দেহজনক কিছু মেলেনি বলেই খবর জেল প্রশাসন সূত্রে।

কুখ্যাত গ্যাংস্টার থেকে শুরু করে অনেক রাজনীতিকের বর্তমান ঠিকানা তিহার জেল। গোরু পাচার মামলায় গ্রেপ্তার হওয়া তৃণমূল নেতা অনুব্রত মণ্ডল থেকে শুরু করে দিল্লির আবগারি মামলায় ধৃত আপ নেতা মণীশ সিসোদিয়া, সত্যেন্দ্র জৈন, বিআরএস নেত্রী কে কবিতারা এই তিহারেই বন্দি। দিন তিনেক আগে অবধি এই জেলেই ছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। অন্তর্বর্তী জামিনে ছাড়া পাওয়া কেজরিকে আবার ২ জুন তিহারে এসে আত্মসমর্পণ করতে বলেছে সুপ্রিম কোর্ট।

তিহারের মতো এ হেন 'হাইপ্রোফাইল' জেলে বোমা মারার হুমকি বার্তা ঘিরে শোরগোল পড়ে গিয়েছে। সূত্রের খবর, মঙ্গলবার দুপুর নাগাদ জেল কর্তৃপক্ষ একটি ইমেল পান। সেই মেলের বয়ান, 'তিহার জেলে বোমা ফেলা হবে।' সেই মেল পাওয়ার পরেই জেল কর্তৃপক্ষ তড়িঘড়ি দিল্লি পুলিশের সঙ্গে যোগাযোগ করেন।

জেল সন্দেহজনক কিছু না মিললেও ঘটনার তদন্ত শুরু করেছে দিল্লি পুলিশ। কে বা কারা এই মেল পাঠালেন, তা জানার চেষ্টা চলছে। উল্লেখ্য, মঙ্গলবার সকালেই রাজধানীর বেশ কয়েকটি হাসপাতালের কাছে বোমায় ওড়ানোর হুমকি ফোন যায়। পুলিশ সূত্রে খবর, মঙ্গলবার সকালে দিল্লির চারটি হাসপাতালে ওই হুমকি দিয়ে ফোন করা হয়েছিল। সেই ফোন পাওয়ার পরই হাসপাতাল কর্তৃপক্ষ পুলিশের সঙ্গে যোগাযোগ করেন। আতঙ্ক ছড়ায় হাসপাতালগুলিতে।

গত ১ মে দিল্লি এবং এনসিআরের প্রায় ১০০টি স্কুলে হুমকি ইমেল পাঠানো হয়েছিল।

# পঞ্জাবে গ্রেপ্তার জঙ্গি নেতা পান্নুনের তিন অনুগামী

**চণ্ডীগড়, ১৪ মে:** লোকসভা ভোটপর্বের মধ্যেই রাজধানী দিল্লি এবং পঞ্জাবের ভাতিন্ডায় নজরে এল খলিস্তানপন্থী নিষিদ্ধ সংগঠন 'শিখস ফর জাস্টিস' (এসএফজে)-এর সক্রিয়তা! পলাতক জঙ্গি নেতা গুরপতবন্ত সিং পান্নুনের সংগঠনের তিন সদস্যকে দেওয়ালে খলিস্তানপন্থী স্লোগান লেখার দায়ে গ্রেপ্তার করা হয় মঙ্গলবার।

পঞ্জাব পুলিশের ডিজি গৌরব যাদব এক্স হ্যান্ডলে একটি পোস্টে মঙ্গলবার লিখেছেন, 'নিষিদ্ধ সংগঠন 'শিখস ফর জাস্টিস'-এর নেতা গুরপতবন্ত সিং পান্নুনের সমর্থনে স্লোগান লেখার জন্য আমরা তিন জনকে গ্রেপ্তার করেছি। এটি পঞ্জাব পুলিশের বড় সাফল্য। ঘটনার তদন্ত শুরু হয়েছে।' 'বৃহত্তর পঞ্জাব' নিয়ে স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র খলিস্তান রাষ্ট্র গড়ার দাবিতে সক্রিয় এসএফজে গত কয়েক বছর ধরেই ভারতের বিরুদ্ধে নানা নাশকতামূলক তৎপরতায় জড়িত। সংগঠনের প্রধান পান্নুন সম্প্রতি দাবি করেছিলেন, নব্বইয়ের দশকে ধৃত এক খলিস্তানি জঙ্গি নেতাকে দিল্লির জেল থেকে ছাড়ার শর্তে ২০১৪ থেকে ২০২২ পর্যন্ত প্রায় এক কোটি ৬০ লক্ষ ডলার (প্রায় ১৩৩ কোটি টাকা) অর্থ সাহায্য করা হয়েছে আম আদমি পার্টি (আপ)-র নেতৃত্বকে।

২০১৯ সালের ১০ জুলাই এসএফজেকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ ঘোষণা করেছিল নরেন্দ্র মোদি সরকার। কেন্দ্রের তরফে জানানো হয়েছিল, ভারতের সার্বভৌমত্ব এবং ভৌগোলিক অখণ্ডতার জন্য বড়সড় হুঁশিয়ারি এই সংগঠন। ২০২০ সালে সংগঠনের নেতা পান্নুনকে জঙ্গি ঘোষণা করে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। ইন্টারপোলকে 'রেড নোটিস' জারি করার অনুরোধও জানানো হয়েছিল। কিন্তু তার পরেও কানাডায় বসে পান্নুনের সংগঠন ভারতবিরোধী বিচ্ছিন্নতাবাদী প্রচার করে চলেছে বলে জানিয়েছে এনআইএ। গত এপ্রিলে আমেরিকার প্রথম সারির দৈনিক 'দ্য ওয়াশিংটন পোস্ট'-এ প্রকাশিত একটি রিপোর্টে দাবি করা হয়, আমেরিকার মাটিতে খলিস্তানি জঙ্গি নেতা পান্নুনকে হত্যার চেষ্টা করেছিল ভারতের গুপ্তচর সংস্থা 'র'। যদিও ওই রিপোর্টের দাবি খারিজ করে বিদেশ মন্ত্রক জানিয়েছিল, একটি গুরুতর বিষয়ে 'অযৌক্তিক' এবং 'ভিত্তিহীন' অভিযোগ তোলা হয়েছে।

# ইউক্রেনের ক্ষেপণাস্ত্র হামলায় রাশিয়ায় মৃত্যু অন্তত ১৫ জনের



**কিয়েভ, ১৪ মে:** ইউক্রেনের ক্ষেপণাস্ত্র হামলায় রাশিয়ায় অন্তত ১৫ জন নাগরিকের মৃত্যু হল। আহতের সংখ্যা কমপক্ষে ২৭।

রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রক মঙ্গলবার জানিয়েছে, সোমবার রাত থেকেই বেলগরদ শহর আর তার পার্শ্ববর্তী এলাকা লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছোড়ে ইউক্রেনীয় সেনা। রুশ সামরিক অফিসারেরা জানাচ্ছেন, ইউক্রেন সেনার ছোড়া অন্তত ১২টি ক্ষেপণাস্ত্র গুলি করে নামানো হয়। তবে তার মধ্যেই একটি ক্ষেপণাস্ত্রের টুকরো শহরাঞ্চলের একটি ১০তলা আবাসনের একাংশে আছড়ে পড়লে, সেই অংশটি ভেঙে ১৫ জনের প্রাণ গিয়েছে। বহুতলের ধ্বংসস্তূপে এখনও কয়েকজনের আটকে থাকার আশঙ্কা রয়েছে। এই হামলাকে 'সন্ত্রাসবাদী' হামলা আখ্যা দিয়েছে রাশিয়া।

এর আগে বেলগরদ এলাকায় এত বড় হামলা হয়নি। বেলগরদ প্রদেশের গভর্নর ভেয়াচেসলাভ গ্লাদকভ জানাচ্ছেন, ওই ক্ষেপণাস্ত্র হামলা ছাড়াও সোমবার তাঁর প্রদেশে ইউক্রেনীয় বাহিনীর পৃথক এক হামলায় আরও চার রুশ নাগরিকের মৃত্যু হয়েছে। ইউক্রেনের এই ক্ষেপণাস্ত্র হামলার তীব্র নিন্দা করেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

উল্লেখ্য, ইউক্রেনের সেনাবাহিনীর ওপর চাপ বাড়াতে রাশিয়া এবার দেশটির উত্তর-পূর্বে অবস্থিত খারকিভ এলাকায় অভিযান শুরু করেছে। রুশ সেনার হামলার মুখে সেখানকার বেসামরিক নাগরিকদের উদ্ধারকাজ শুরু হয়েছে। অপর দিকে প্রতিরক্ষা খাতের নেতৃত্বে রদবদল করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

যুক্তরাষ্ট্র থেকে পর্যাপ্ত অস্ত্র হাতে পাওয়ার আগেই ইউক্রেনের দুর্বলতার সুযোগের সদ্ব্যবহার করার চেষ্টা করছে রাশিয়া। এখনও পর্যন্ত ইউক্রেনের দক্ষিণ ও পূর্ব প্রান্তে সামরিক তৎপরতা চালানোর পর রুশ বাহিনী এবার অন্যত্র হামলা শুরু করেছে। শুক্রবার থেকে খারকিভ অঞ্চলে যতটা সম্ভব জমি দখল করতে বড় অভিযান শুরু করেছে রুশ বাহিনী। ইউক্রেনের দ্বিতীয় বৃহত্তম শহর খারকিভ থেকে ৪৫ কিলোমিটার দূরে ভোভচানস্ক শহরের উপকণ্ঠে দুই বাহিনীর মধ্যে ব্যাপক সংঘর্ষ চলছে। ইউক্রেনের সেনাবাহিনীর দাবি, বেশ কিছু ক্ষেত্রে রুশ বাহিনী পাচ্ছে। সেনাদের প্রাণহানি উপেক্ষা করে বেপরোয়া অভিযান চালাচ্ছে তারা। এতে অন্তত ১০০ রুশ সৈন্য নিহত হয়েছেন। ভোভচানস্ক শহরের নিয়ন্ত্রণ নিয়ে ইউক্রেন ও রাশিয়ার দাবি পরস্পরবিরোধী। রবিবার রাশিয়া জানিয়েছে, আরও চারটি গ্রামের দখল তারা নিয়েছে।

রুশ বাহিনীর বড় অভিযানের মুখে নিরীহ মানুষদের উদ্ধারকাজে তৎপরতা শুরু হয়েছে। আক্রান্ত এলাকার মানুষদের অতি প্রয়োজনীয় জিনিসপত্র সঙ্গে নিয়ে 'ইভ্যাকুয়েশন পয়েন্টে' চলে যেতে বলেছেন স্বেচ্ছাসেবকেরা। খারকিভের গভর্নর জানিয়েছেন, গত কয়েক দিনে প্রায় ছ' হাজার মানুষকে উদ্ধার করা হয়েছে।

ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এক ভিডিও বার্তায় খারকিভ অঞ্চলের গ্রামগুলোতে 'রক্ষণাত্মক সংঘর্ষের' কথা জানিয়েছেন। তাঁর মতে, সেখানে সংঘর্ষের মাত্রা দোনেৎস্কের অঞ্চলগুলোর মতো এত তীব্র নয়। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে ইউক্রেনে হামলা শুরুর সময় রুশবাহিনী খারকিভ শহরের উপকণ্ঠে পৌঁছে গিয়েছিল। তবে ইউক্রেন সেনা তীব্র ভাবে প্রতিরোধ করলে তারা আবার সীমান্তে ফিরে যেতে বাধ্য হয়।

এই মুহূর্তে বাসিন্দারা শহর ছেড়ে চলে যাচ্ছেন না। খারকিভের মেয়র ইগর তেরেখভ বলেছেন, শহর আপাতত শান্ত রয়েছে। এদিকে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন সামরিক নেতৃত্বে বড় ধরনের রদবদল এনেছেন। দীর্ঘদিনের প্রতিরক্ষামন্ত্রী সের্গেই শোইগুকে সরিয়ে নতুন মুখ হিসেবে আন্দ্রেই বেলুসভের নাম ঘোষণা করেছেন।

নতুন প্রতিরক্ষামন্ত্রী হিসেবে বেলুসভকে নিয়োগের কারণ হিসেবে বলা হয়েছে, প্রতিরক্ষা বাজেটকে আরও ভালো ভাবে কাজে লাগানোর চেষ্টা করবেন তিনি। এ ছাড়া তিনি অর্থনৈতিক ভাবে রাশিয়াকে শক্তিশালী করে ইউক্রেনের সঙ্গে যুদ্ধে জিততে উন্নত সৃষ্টিকে কাজে লাগাবেন।

# মুম্বইয়ে হোর্ডিং ভেঙে মৃত বেড়ে ১৪



**মুম্বই, ১৪ মে:** ভয়ংকর ধুলোঝড়ে বিপর্যস্ত মুম্বই। বিশালাকার ধাতব বিজ্ঞাপনের বোর্ড ভেঙে পড়ে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৪। আহতের সংখ্যাও লাফিয়ে বেড়েছে। অন্তত ৭০ জন জখম হয়েছেন বিলবোর্ড ভেঙে পড়ে। এহেন পরিস্থিতিতে জানা যাচ্ছে, মুম্বই কর্পোরেশন থেকে নো অবজেকশন সার্টিফিকেট সার্টিফিকেট ছাড়াই ওই বিশাল বিলবোর্ড টাঙিয়েছিল একটি সংস্থা।

সোমবার বিকেলে ঝড়ের দাপটে পরিত্রাহি অবস্থা হয় বাণিজ্যনগরীর বাসিন্দাদের। প্রবল হাওয়ার দাপটে ঘাটকোপর এলাকায় ভেঙে পড়ে একটি বিশালাকার ধাতব বিজ্ঞাপনের বোর্ড। আশপাশের এলাকার অনেকেই চাপা পড়েন ১০০ ফুট বিলবোর্ডের তলায়। সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে গিয়ে উদ্ধারকাজ শুরু করে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী। আপাতত ১৪ জনের মৃত্যু হয়েছে বিলবোর্ড চাপা পড়ে। আহতের সংখ্যা ৭০ ছাড়িয়েছে।

তবে এই বিপর্যয়ের মধ্যেই প্রশ্ন উঠছে বিলবোর্ড লাগানো নিয়ে। জানা গিয়েছে, ইগো মিডিয়া নামে একটি সংস্থা ওই বিলবোর্ড টাঙিয়েছিল। কিন্তু ওই এলাকাটি পুলিশ ওয়েলফেয়ার কর্পোরেশনকে লিজে দিয়েছিল মহারাষ্ট্র সরকারের পুলিশ হাউজিং বিভাগ। তবে ওই চত্বরে চারটি হোর্ডিং টাঙাতে ইগো মিডিয়াকে অনুমতি দিয়েছিলেন রেল পুলিশের এসিপি। কিন্তু এই হোর্ডিং টাঙানোর আগে মুম্বই কর্পোরেশনের থেকে নো অবজেকশন সার্টিফিকেট নেয়নি ইগো মিডিয়া।

বিতর্কিত চারটি হোর্ডিংয়ের মধ্যে একটিই ভেঙে পড়েছে সোমবার। ইতিমধ্যেই ইগো মিডিয়ার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে মুম্বই পুলিশ। পাশাপাশি রেল পুলিশের এসিপি এবং রেলওয়ে কমিশনারকে নোটিস পাঠিয়েছে মুম্বই কর্পোরেশন। বিলবোর্ড টাঙানোর অনুমতি বাতিল করতে অনুরোধ করা হয়েছে ওই নোটিসে। তবে ইগো মিডিয়ার তরফে গোটা বিষয়টি নিয়ে কোনও প্রতিক্রিয়া মেলেনি।

# জার্মানিতে সাইবার ক্রাইম বেড়েছে



**বার্লিন, ১৪ মে:** জার্মানিতে সাইবার ক্রাইম বেড়েছে। ২০২৩ সালে বিদেশি অপরাধীদের সাইবার অপরাধ আগের বছরের তুলনায় ২৮ শতাংশ বেড়েছে। ২০২২ সালে এই সংখ্যা ২০২১ সালের তুলনায় ৮ শতাংশ বেড়েছিল। সোমবার এ তথ্য জানিয়েছে জার্মানির ডিজিটাল অর্থনীতি কোম্পানিগুলোর সংগঠন বিটকম।

'কেউ শুধু টাকা চায়' মন্তব্য করে ব্যার্নহার্ড রোলেন্ডার বলেন, বাকিরা জ্বালানি সরবরাহ, পরিবহনণবা হাসপাতালের মতো গুরুত্বপূর্ণ অবকাঠামোগুলোর ক্ষতি করতে চায়। এ ছাড়া কিছু ক্ষেত্রে দেখা গিয়েছে, একজন ব্যক্তি শুধু আনন্দের জন্য কাজটি করছেন।

গত দু' বছরে রাশিয়ার দিক থেকে সাইবার হামলা দ্বিগুণ হয়েছে বলে জানিয়েছে সংগঠনটি। বিটকমের প্রধান নির্বাহী ব্যার্নহার্ড রোলেন্ডার জার্মানির জেডডিএফ টিভিকে জানান, গত দু' বছরে চিনের তরফে সাইবার হামলা বেড়েছে ৫০ শতাংশ। তিনি আরও জানান, হামলার শিকার ৮০ ভাগ কোম্পানি তথ্য চুরি, গুপ্তচরবৃত্তি কিংবা নাশকতার শিকার হয়েছে। সাইবার অপরাধের কারণে বছরে আর্থিক ক্ষতির পরিমাণ ১৪৮ বিলিয়ন ইউরো। বেশির ভাগ হামলার জন্য দায়ী বিভিন্ন সংঘবদ্ধ গোষ্ঠী বা বিদেশি গোয়েন্দা সংস্থা।

মে মাসের শুরুতে রাশিয়ার বিরুদ্ধে জার্মানির প্রতিরক্ষা ও এরোস্পেস কোম্পানি এবং চ্যান্সেলর ওলাফ শলৎসের এসপিডি দলের সদস্যদের বিরুদ্ধে সাইবার হামলা চালানোর অভিযোগ করেছিল জার্মানি। রাশিয়ার সামরিক গোয়েন্দা সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন গোষ্ঠী এসব হামলা করে বলে জানান জার্মানির স্বরাষ্ট্রমন্ত্রী ন্যান্সি ফ্যাজা।

সোমবার বিটকমের প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে জার্মানির স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাইবার নিরাপত্তার ক্ষেত্রে হুমকির মাত্রা বেশিই থাকছে।


## দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোম্পানি লিমিটেড

রেজি.অফিস: ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২
ফোন: (০৩৩) ২২২৩৩৩৯৪, ই-মেল: periatea@lnbgroup.com, ওয়েবসাইট : www.periatea.com
CIN : L01132WB1913PLC220832

**৩১ মার্চ, ২০২৪ তারিখ সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত কনসোলিডেটেড আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ**

(লক্ষ টাকায়)

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩১.০৩.২০২৪ (উল্লেখ্য দ্রষ্টব্য নং ৭) | ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ (উল্লেখ্য দ্রষ্টব্য নং ৭) | ৩১.০৩.২০২৪ নিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১,৬০.০৩ | ১,৭৭৯.৪১ | ১,১৭২.৮৬ | ৫,৩৭০.৪৪ | ৫,১৫৩.৫৬ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | ৪৫৮.৫৮ | ৯০.৬৭ | (১১৮.৩২) | ৬৫০.৮০ | (৩১৫.৭৫) |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৪৫৮.৫৮ | ৯০.৬৭ | (১১৮.৩২) | ৬৫০.৮০ | (৩১৫.৭৫) |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ৩৬৮.৫৩ | ৮১.৯৩ | (১৩৫.৮২) | ৫৩৩.৫৯ | (৩৩৫.৬২) |
| ৫ | অচলতি কার্যাদি<br>কর পূর্ব অচলতি কার্যাদি থেকে সময়কালের জন্য লাভ/(ক্ষতি) | - | ৬.১৭ | (০.৩০) | ৬.১৭ | (০.৬৪) |
| | অচলতি কার্যাদির জন্য কর ব্যয় | - | - | (০.০৫) | - | ০.০৮ |
| | কর পরবর্তী অচলতি কার্যাদি থেকে সময়কালের জন্য লাভ/(ক্ষতি) | - | ৬.১৭ | (০.৩৫) | ৬.১৭ | (০.৭২) |
| ৬ | কর পরবর্তী সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) - চলতি এবং অচলতি কার্যাদি | (৩৬৮.৫৩) | ৮৮.১০ | (১৩৬.১৭) | ৫৩৯.৭৬ | (৩৩৬.৩৪) |
| ৭ | সময়কাল [সময়কালের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত ]-এর জন্য মোট ব্যাপক আয় | ৭৮৮.১২ | ৮২.৫২ | (১৫৯.২০) | ৯৭৪.৮০ | (৩৫৩.২৫) |
| ৮ | ইক্যুইটি শেয়ার মূলধন (১০/- টাকা প্রতিটি) | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ | ৩০৯.৫৯ |
| ৯ | রিজার্ভ (পূর্ববর্তী বছরের ব্যালান্সশীটে প্রদর্শিত মতো পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে রিজার্ভ) | | | | ১৮,৮১২.৪৬ | ১৭,৮৬৯.০৯ |
| ১০ | শেয়ার প্রতি আয় ১০/- টাকা প্রতিটির | | | | | |
| | মৌলিক - চলতি কার্যাদি | ১১.৯০ | ২.৬৫ | (৪.৩৯) | ১৭.২৪ | (১০.৮৪) |
| | মিশ্রিত - চলতি কার্যাদি | ১১.৯০ | ২.৬৫ | (৪.৩৯) | ১৭.২৪ | (১০.৮৪) |
| | মৌলিক - অচলতি কার্যাদি | - | ০.২০ | (০.০১) | ০.২০ | (০.০২) |
| | মিশ্রিত - অচলতি কার্যাদি | - | ০.২০ | (০.০১) | ০.২০ | (০.০২) |

দ্রষ্টব্য :-
১. উপরিউক্ত কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফল অডিট কমিটি দ্বারা ১৪ মে, ২০২৪ তারিখে পর্যালোচিত এবং ১৪ মে, ২০২৪ তারিখে পরিচালন পর্ষদের সভায় গৃহীত।
২. দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোম্পানি লিমিটেড (স্ট্যান্ডঅ্যালোন সংখ্যাসমূহ) -এর নিরীক্ষিত আর্থিক ফলাফল :

(লক্ষ টাকায়)

| ক্রম নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বর্ষ সমাপ্ত | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩১.০৩.২০২৪ (উল্লেখ্য দ্রষ্টব্য নং ৭) | ৩১.১২.২০২৩ অনিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ (উল্লেখ্য দ্রষ্টব্য নং ৭) | ৩১.০৩.২০২৪ নিরীক্ষিত | ৩১.০৩.২০২৩ নিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ১,১৬০.০৩ | ১,৭৭৯.৪১ | ১,১৭২.৮৬ | ৫,৩৭০.৪৪ | ৫,১৫৩.৫৬ |
| ২ | কর পূর্ববর্তী সাধারণ কার্য থেকে নিট লাভ/(ক্ষতি) | ৪৫৮.৫৮ | ৯০.৬৭ | (১১৮.৩২) | ৬৫০.৮০ | (৩১৫.৭৫) |
| ৩ | কর পরবর্তী সাধারণ কার্য থেকে নিট লাভ/(ক্ষতি) | ৩৬৮.৫৮ | ৮১.৯৩ | (১৩৫.৮২) | ৫৩৩.৫৯ | (৩৩৫.৬২) |

৩. উপরোক্ত ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জ সমূহে ফাইল করা হয়েছে সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে। ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বর্ষের নিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের পূর্ণ ফরম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **www.nseindia.com** এবং কোম্পানির ওয়েবসাইট **www.periatea.com** -তে পাওয়া যাবে।
৪. ৯ নভেম্বর ২০২৩-এ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় তার সম্পূর্ণ মালিকানাধীন সহায়ক সংস্থা পিকেটি প্ল্যান্টেশনস লিমিটেডকে ৪০ লক্ষ টাকা বিবেচনার জন্য এবং শিবফল বিনিময় প্রাইভেট লিমিটেডকে ৫ লক্ষ টাকা বিবেচনার জন্য নিষ্পত্তি করার অনুমোদন দিয়েছে, ক্রেতা মেসার্স মহারাজা শ্রী উমিদ মিলস লিমিটেড দ্বারা গৃহীত সমস্ত দায়বদ্ধতার নেট যা একটি সম্পর্কিত পক্ষ এবং উল্লিখিত লেনদেনগুলি বাহুর দৈর্ঘ্যের মূল্যে রয়েছে।
৫. নিষ্পত্তির ফলে, এই সহায়ক সংস্থাগুলির কাজের ফলাফল যা পৃথক লাইন-আইটেম ভিত্তিতে পূর্ববর্তী ত্রৈমাসিক পর্যন্ত কনসোলিডেটেড আর্থিক ফলাফলগুলিতে অব্যাহত ক্রিয়াকলাপে অন্তর্ভুক্ত ছিল তা ডিসেম্বর ২০২৩ সমাপ্ত ত্রৈমাসিকের জন্য বন্ধ অপারেশনের অধীনে উপস্থাপন করা হয়েছে।
৬. ২০২২ সালের ৩১ মার্চ শেষ হওয়া অর্থবছরের জন্য প্রতি শেয়ারে ১/- টাকা লভ্যাংশ (প্রতিটির ফেস ভ্যালু ১০ টাকা) প্রদানের সুপারিশ করেছে পরিচালনা পর্ষদ।
৭. ৩১ মার্চ, ২০২৪ এবং ৩১ মার্চ, ২০২৩ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলি হল সম্পূর্ণ আর্থিক বছরের ক্ষেত্রে নিরীক্ষিত পরিসংখ্যান এবং সংশ্লিষ্ট আর্থিক বছরের তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত প্রকাশিত বছরের পরিসংখ্যানগুলির মধ্যে ভারসাম্যপূর্ণ পরিসংখ্যান।

**দি পেরিয়া কারামালাই টি অ্যান্ড প্রোডিউস কোং লিঃ-র পক্ষে**
**স্বা/-**
**(এল. এন. বাঙ্গুর)**
**চেয়ারম্যান**
**DIN: 00012617**

**স্থান: কলকাতা**
**তারিখ: ১৪.০৫.২০২৪**



## কিরণ ব্যাপার লিমিটেড

রেজিঃ অফিস : ৭, মুন্সি প্রেমচাঁদ সরণি, হেস্টিংস, কলকাতা-৭০০ ০২২
দূরভাষ: (০৩৩) ২২২৩-০০১৬/১৮, ফ্যাক্স: (০৩৩) ২২২৩ ১৫৬৯, ই-মেল : kvl@lnbgroup.com, ওয়েবসাইট : www.lnbgroup.com, CIN : L51909WB1995PLC071730

**৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড নিরীক্ষিত আর্থিক ফলাফলের সারাংশ**

(লক্ষ টাকায় ইপিএস ব্যতীত)

| ক্র. নং | বিবরণ | স্ট্যান্ডঅ্যালোন | | | | | কনসোলিডেটেড | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৪ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ ডিসেম্বর ২০২৩ অনিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৪ নিরীক্ষিত | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ নিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৪ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ ডিসেম্বর ২০২৩ অনিরীক্ষিত | ত্রৈমাসিক সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ (উল্লেখ্য দ্রষ্টব্য ৪) | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৪ নিরীক্ষিত | বর্ষ সমাপ্ত ৩১ মার্চ ২০২৩ নিরীক্ষিত |
| ১ | কার্যাদি থেকে মোট আয় | ৬৮৭.৭১ | ২,৬৭২.৭৭ | ৭২১.০৫ | ৬,৪৪৪.৩৪ | ৪,৪৫৫.৫৪ | ২,৪২০.৩১ | ৩,০৩১.৭৬ | ২,০৬৩.৩৩ | ৯,২৫৬.৪১ | ৬,৭২৮.৪৯ |
| ২ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) (কর ও ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব) | ১২.৭৭ | ২,০০৮.০৪ | ১৫৮.৮২ | ৪,১৭২.৫৯ | ২,৬৩৪.৬৪ | ৫৪৮.৯৯ | ১,৯৬১.২৭ | (১৯.২০) | ৬,৩৫২.৫২ | ৪,৬২২.৬৭ |
| ৩ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ১২.৭৭ | ২,০০৮.০৪ | ১৫৮.৮২ | ৪,১৭২.৫৯ | ২,৬৩৪.৬৪ | ৫৪৮.৯৯ | ১,৯৬১.২৭ | (১৯.২০) | ৬,৩৫২.৫২ | ৪,৬২২.৬৭ |
| ৪ | সময়কালের জন্য নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পরবর্তী) | ১৫৭.৯৯ | ১,৫১৯.৫৭ | ৯৮.০৯ | ৩,৪৮৯.৩৭ | ২,৩৪৮.৬৪ | ৫২০.০০ | ১,৩৩৫.১৬ | (১৭৮.৯৮) | ৫,১৫৮.৮৮ | ৩,৮৫৩.২৮ |
| ৫ | সময়কাল [সময়কালের (কর পরবর্তী লাভ/(ক্ষতি) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী)-এর অন্তর্গত] -এর জন্য মোট ব্যাপক আয় | ২,০১৩.৩১ | ৪,৫২৪.৮৮ | (৩৪২.৯০) | ১২,৯৮০.৩৮ | ৪,০৫৮.৮৬ | ১০,৯৪৪.৪৩ | ৭,৪৪১.৬১ | (১,৭৬৫.৬৬) | ৩২,১৮৬.৮১ | ৩,৭২৫.৫২ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি ১০/- টাকা) | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৭২৮.৪২ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ | ২,৬৯৮.১৮ |
| ৭ | শেয়ার প্রতি আয় প্রতিটি ১০/- টাকা (চলতি ও অচলতি কাজের জন্য) | | | | | | | | | | |
| | মৌলিক | ০.৫৮ | ৫.৫৭ | ০.৩৬ | ১২.৭৯ | ৮.৬১ | ১.৯৩ | ৪.৯৫ | (০.৬৬) | ১৯.১২ | ১৪.২৮ |
| | মিশ্রিত | ০.৫৮ | ৫.৫৭ | ০.৩৬ | ১২.৭৯ | ৮.৬১ | ১.৯৩ | ৪.৯৫ | (০.৬৬) | ১৯.১২ | ১৪.২৮ |

দ্রষ্টব্য -
১. উপরের আর্থিক ফলাফল নিরীক্ষণ সমিতি দ্বারা সমীক্ষিত এবং ১৪ মে, ২০২৪ তারিখের সভায় কিরণ ব্যাপার লিমিটেডের ('দি কোম্পানি') পরিচালন পর্ষদ দ্বারা অনুমোদিত ও নথিভুক্ত।
২. কোম্পানির আর্থিক ফলাফল প্রস্তুত করা হয়েছে ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস্ ('ইন্ড এএস') অনুসারে, কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস্) রুলস, ২০১৫-এর সঙ্গে পঠিত কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ('দ্য অ্যাক্ট')-এর সেকশন ১৩৩ অধীনে প্রজ্ঞাপিত, যা কোম্পানিজ (ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস্) (অ্যামেন্ডমেন্ট) রুলস, ২০১৫ দ্বারা (সংশোধিত মতো)।
৩. উপরের ফর্ম্যাট ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের নির্যাস, যা সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ -এর রেগুলেশন ৩৩ অধীনে স্টক এক্সচেঞ্জে ফাইল করা হয়েছে। ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বার্ষিক আর্থিক ফলাফল স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট অর্থাৎ **www.bseindia.com** এবং কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ **www.lnbgroup.com** -তে পাওয়া যাবে।
৪. ৩১ মার্চ, ২০২৪ এবং ৩১ মার্চ, ২০২৩ তারিখে শেষ হওয়া ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলি হল সম্পূর্ণ আর্থিক বছরের ক্ষেত্রে নিরীক্ষিত পরিসংখ্যান এবং সংশ্লিষ্ট আর্থিক বছরের তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত প্রকাশিত বর্ষ-থেকে-তারিখের পরিসংখ্যানগুলির মধ্যে ভারসাম্যপূর্ণ পরিসংখ্যান, যা সংবিধিবদ্ধ নিরীক্ষকদের দ্বারা সীমিত পর্যালোচনার বিষয় ছিল।
৫. পরিচালনা পর্ষদ এই সভায় ২০২৩-২৪ অর্থবছরের জন্য ইক্যুইটি শেয়ার প্রতি ১০% হারে অর্থাৎ ১/- টাকা লভ্যাংশ পুনরায় গ্রহণ করে, যা বার্ষিক সাধারণ সভায় চূড়ান্ত অনুমোদন সাপেক্ষে হবে।

**পর্ষদের পক্ষে**
**কিরণ ব্যাপার লিমিটেড-এর পক্ষে**
**স্বা/-**
**এল. এন. বাঙ্গুর**
**চেয়ারম্যান**
**DIN: 00012617**

**স্থান: কলকাতা**
**তারিখ: ১৪ মে, ২০২৪**